

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৪২.০৪২.২০১৫ (অংশ)- ৭৯০

তারিখ : ২১ আষাঢ় ১৪২৪ বঃ
০৫ জুলাই, ২০১৭ খ্রিঃ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আজহারুল ইসলাম মান্নান, চেয়ারম্যান, সোনারগাঁ উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে দায়েরকৃত সোনারগাঁ থানার মামলা নং- ০৮, তারিখ-০৫/০১/২০১৫ হতে উদ্ভূত (বিশেষ ট্রাইব্যুনাল ১১০/২০১৫) মামলায় বিস্ফোরক উপাদানাবলী আইন, ১৯০৮ (সংশোধনী-২০০২) এর ৩(ক) ধারায় দাখিলকৃত অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;


যেহেতু, জনাব মোঃ আজহারুল ইসলাম এর বিরুদ্ধে ৭/৮টি ফৌজদারী মামলা বিভিন্ন আদালতে বিচারার্থীন/চলমান রয়েছে;

যেহেতু, জনাব মোঃ আজহারুল ইসলাম বেআইনী জনতাবন্ধে দেশীয় অস্ত্রেসস্ত্রে সজ্জিত হয়ে ইট পাটকেল নিক্ষেপ এবং ককটেল বিস্ফোরণ ঘটিয়ে সরকারি কাজে বাঁধাদান এবং একাধিক পুলিশ সদস্য ও পথচারীকে মারাত্মকভাবে আহত করেছেন, তাঁর এহেন কর্মকাণ্ড বিদ্যমান উপজেলা পরিষদ আইনসহ সকল আইন ও বিধির পরিপন্থী। উপজেলা পরিষদের চেয়ারম্যানের মতো একজন দায়িত্বশীল জনপ্রতিনিধির কাছ থেকে এ ধরনের আচরণ উপজেলা পরিষদ তথা রাষ্ট্রের স্বার্থের জন্য মারাত্মক হানিকর। এতদ্বিষয়ে তাঁর বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করা হয় এবং মামলা তদন্তকালে অভিযোগের প্রাথমিক সত্যতা প্রমাণিত হয় ও দাখিলকৃত অভিযোগ পত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়;

যেহেতু, জনাব মোঃ আজহারুল ইসলাম মান্নান, চেয়ারম্যান, সোনারগাঁ উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ -এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে, কাজেই তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে সোনারগাঁ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আজহারুল ইসলাম মান্নানকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।


(লুৎফুন নাহার) ০৭/০৭/২০১৭


সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৪২.০৪২.২০১৫ (অংশ)- ৭৯০

তারিখ : ২১ আষাঢ় ১৪২৪ বঃ
০৫ জুলাই, ২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৬. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
১১. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
১৩. জনাব মোঃ আজহারুল ইসলাম মান্নান (সাময়িক বরখাস্তকৃত), চেয়ারম্যান, সোনারগাঁ উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
১৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।


(লুৎফুন নাহার) ০৭/০৭/২০১৭
সিনিয়র সহকারী সচিব